

المُبْدِي

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৯ তম নাম ‘المُبْدِي’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘المُبْدِي’ শব্দের মূল ب - د - ا , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৫ বার এসেছে। শুরু করা, সূচনা করা, যিনি শুরু করেন, যিনি সৃষ্টি করেন ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ المُبْدِي অর্থ: ‘তিনি সবকিছুর প্রথম স্রষ্টা’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

قُلْ هَلْ مِنْ شُرَكَائِكُمْ مَنْ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ قُلِ اللَّهُ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ فَأَنْتَ
تُؤَفِّكُونَ ﴿٣٤﴾

বলো তোমরা যাদেরকে আল্লাহর শরীক বানাও, তাদের মধ্যে এমন কেউ আছে কি, যে সৃষ্টির অস্তিত্ব দেয়, পরে তার পুনরাবৃত্তি ঘটায়? বলো আল্লাহই সৃষ্টির অস্তিত্ব দেন এবং পরে তার পুনরাবৃত্তি ঘটান। ফলে তোমরা কি করে সত্য তাগ করে দূরে সরে যাচ্ছে? (সূরা ইউনুস: আয়াত নং ৩৪)

يَوْمَ نَطْوِي السَّمَاءَ كَطَيِّ السِّجْلِ لِلْكِتَابِ كَمَا بَدَأْنَا أَوَّلَ خَلْقٍ نُعِيدُهُ وَعَدًّا عَلَيْنَا إِنَّا
كُنَّا فَاعِلِينَ ﴿١٠٤﴾

যেদিন আমরা আকাশ গুটিয়ে ফেলবো, যেভাবে গোটানো হয় লিখিত দস্তাবেজ। যে ভাবে আমরা প্রথমবার সৃষ্টি করেছি, সেভাবেই পুনরায় সৃষ্টি করবো। ওয়াদা পালন করা আমাদের দায়িত্ব। আমরা এটা করেই ছাড়বো। (সূরা আশ্বিয়া: আয়াত নং ১০৪)

أَمْ مَنْ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ وَمَنْ يَرْزُقُكُمْ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ أَلَيْسَ اللَّهُ بِعَلِيمٍ قُلْ هَاتُوا
بُرْهَانَكُمْ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ﴿٦٤﴾

বলতো, কে আদিত্তে সৃষ্টি করেন, অতঃপর ওর পুনরাবৃত্তি করবেন, এবং কে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হতে জীবনোপকরণ দান করেন? আল্লাহর সাথে অন্য কোন মা'বুদ আছে কি? বল: তোমরা যদি সত্যবাদী হও তাহলে তোমাদের প্রমাণ পেশ করো। (সূরা আল নামল: আয়াত নং ৬৪)

তিরমিজি শরীফের হাদীস:

الْكَيْسَ مَنْ دَانَ نَفْسَهُ، وَعَمِلَ لِمَا بَعْدَ الْمَوْتِ، وَالْعَاجِزُ مَنْ أَتْبَعَ نَفْسَهُ هَوَاهَا،
وَتَمَنَّى عَلَى اللَّهِ -

বুদ্ধিমান সেই ব্যক্তি যে তার নফসের হিসাব নেয় এবং পরকালের জন্য কাজ করে। আর নির্বোধ ঐ ব্যক্তি যে নিজের নফসের কুপ্রবৃত্তির অনুসরণ করে, আবার আল্লাহর কাছেও আশা-আকাঙ্ক্ষা রাখে।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! আসুন আমরা পরকালের মুক্তির জন্য দুনিয়াতে আল্লাহর বিধিনিষেধ মেনে চলি এবং নফসের কুপ্রবৃত্তি অনুসরণ করা থেকে বেঁচে থাকি।

আমরা আল্লাহর সাথে শিরক না করি। শিরক জঘন্য অপরাধ, আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সং ভাবে জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবরাকাতুহ।